

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৮০

১৪. মানত ও শপথ অধ্যায় (کتاب الندور والأيمان) পরিচ্ছেদঃ ৬. আল্লাহ ব্যতীত অন্যের নামে কসম করা

بَابِ النَّهْيِ أَنْ يُحْلَفَ بِغَيْرِ اللَّهِ

আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارِكِ حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَدْرَكَ عُمَرَ بْنَ الْخَطَّابِ وَهُوَ يَسِيرُ فِي رَكْبٍ وَهُوَ يَحْلِفُ بِأَبِيهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ يَنْهَاكُمْ أَنْ تَحْلِفُوا بِآبَائِكُمْ فَمَنْ كَانَ حَالِفًا فَلْيَحْلِفُ بِاللَّهِ أَوْ لِيَصِمْتُ

বাংলা

২০৮০. ইবনু উমার রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত। একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমার ইবনুল খাত্তাব রাদ্য়াল্লাহু আনহু-কে এমন অবস্থায় পেলেন, যখন তিনি সাওয়ারীতে আরোহী অবস্থায় যাত্রা করছিলেন এবং তিনি তাঁর পিতার নামে কসম খাচ্ছিলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ "আল্লাহ্ তোমাদের বাপ-দাদার নামে শপথ করতে নিষেধ করেছেন। কাজেই যে কেউ শপথ করতে চায়, সে যেন কেবল আল্লাহর নামেই শপথ করে, নতুবা সে যেন চুপ থাকে।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, শাহাদাত ২৬৭৯; মুসলিম, আইমান ১৬৪৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নৃং ৫৪৩০ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৩৫৯, ৪৩৬০, ৪৩৬১, ৪৩৬২ এবং মুসনাদুল হুমাইদী নৃং ৭০৭ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন